# আজ রাজশাহীতে সমাবেশে বক্তব্য দেবেন তারেক রহমান



সংগৃহীত ছবি

রাজশাহীতে আজ নির্বাচনী সমাবেশে অংশ নেবেন বিএনপি চেয়ারপারসনের দায়িত্বপ্রাপ্ত নেতা তারেক রহমান। সমাবেশকে ঘিরে ভোর থেকেই নেতাকর্মী ও সমর্থকদের উপস্থিতি বাড়তে শুরু করেছে। অনেকেই তার বক্তব্য সরাসরি শোনার অপেক্ষায় সমাবেশস্থলে জড়ো হচ্ছেন।

সকালে ঢাকায় থেকে বিমানে রাজশাহীতে পৌঁছে তিনি প্রথমে হযরত শাহ মখদুম (রাহ.)–এর মাজার জিয়ারত করবেন। পরে স্থানীয় মাদ্রাসা ময়দানে আয়োজিত সমাবেশে যোগ দিয়ে ধানের শীষ প্রতীকের পক্ষে ভোট চাইবেন এবং আগামীর পরিকল্পনা তুলে ধরবেন।

রাজশাহীর কর্মসূচি শেষ করে সড়কপথে বগুড়ার উদ্দেশ্যে রওনা হবেন তারেক রহমান। পথে নওগাঁ জেলার এটিএম মাঠে আরেকটি সমাবেশে বক্তব্য দেওয়ার কথা রয়েছে। রাতে বগুড়া আলতাফুন্নেসা খেলার মাঠের জনসভায় অংশ নিয়ে দিনের কর্মসূচি শেষ করবেন তিনি।

পরদিন রংপুরে আবু সাঈদের কবর জিয়ারত ও সমাবেশে যোগ দিয়ে আবার বগুড়ায় ফিরবেন। এরপর শনিবার সিরাজগঞ্জ ও টাঙ্গাইলে পথসভা ও সমাবেশে অংশ নিয়ে ঢাকায় ফেরার কথা রয়েছে তারেক রহমানের।

LENS ASIA